# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

(১) শিলচরে দুশো শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল স্থাপনের পরিকল্পনা/ শিলচর রামকৃষ্ণ মিশনের দাতব্য চিকিৎসালয়ের জন্য পাঁচ কোটি টাকা এবং নবনির্মিত মন্দিরের বকেয়া মেটানোর জন্য চার কোটি টাকা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা/

(২) একদিনের শিলচর সফরে এসে ডঃ শর্মার দেশবন্ধু তরুণরাম ফুকন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে অংশগ্রহণ/ শিলচরের সিভিল হাসপাতালে ৫০ শয্যা বিশিষ্ট ক্রিটিক্যাল কেয়ার ইউনিট সহ নতুন আবর্ত ভবনের শিলান্যাস/

(৩) শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবার্ষিকী অনুষ্ঠানে আজ রামকৃষ্ণ পরমহংস দেবের নতুন মন্দিরের উদ্বোধন/

এবং

(৪) বিগত ন'মাস ধরে আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্রে আটকে থাকা মহাকাশচারী সুনীতা উইলিয়াম্‌স এবং ওয়াট্‌স উইলিয়ামের পৃথিবীতে প্রত্যাবর্তন/

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ শিলচরের সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতালে নতুন ক্রিটিক্যাল কেয়ার ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন । হাসপাতালটির ছ'হাজার ৩৩৫ বর্গকিলোমিটার এলাকা নিয়ে ২৪ কোটি টাকা ব্যয়সাপেক্ষে এই ৫০ শয্যা বিশিষ্ট ক্রিটিক্যাল কেয়ার ইউনিটটি নির্মাণ করা হবে । এই ভবনে অস্ত্রোপচার কক্ষ, ডায়ালাইসিস কক্ষ, শিশু চিকিৎসা কক্ষ সহ উন্নতমানের সকল সুযোগ সুবিধা

থাকবে । ভবনটির শিলান্যাস করে মুখ্যমন্ত্রী শিলচরে দুশো শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল নির্মাণের পরিকল্পনা রয়েছে বলেও জানিয়েছেন । মুখ্যমন্ত্রী একইসঙ্গে শিলচরের সুসংহত জেলা আয়ুক্তের কার্যালয়ে ২৬ কোটি টাকা ব্যয়সাপেক্ষে ৩২টি কক্ষযুক্ত নতুন আবর্ত ভবনের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন । ডঃ শর্মা যানজট সমস্যা সমাধানের জন্য শিলচরে একটি উড়াল সেতু নির্মাণ করা হবে বলেও প্রকাশ করেন ।
বাইট---------

মুখ্যমন্ত্রী এরআগে শিলচরের দেশভক্ত তরুণরাম ফুকন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী সমারোহ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । তিনি এই বিদ্যালয়ের বর্তমান ও পূর্বের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী সহ এই অঞ্চলের বিদ্যানুরাগীদের অভিনন্দন জানান । এবং দেশভক্ত তরুণরাম ফুকনের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন । ডঃ শর্মা তাঁর ভাষণে বলেন যে- সাম্প্রতিক অর্থনীতিতে দক্ষ যুবশক্তির গুরুত্বের প্রতি লক্ষ্য রেখে রাজ্য সরকার প্রথম থেকেই পরিবর্তিত ঔদ্যোগিক পরিস্থিতির সঙ্গে খাপ খাওয়ার মতো করে দক্ষতা বিকাশ এবং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করে আসছে । ডিজিট্যাল প্রযুক্তির গুরুত্বের কথা উল্লেখ করে তিনি কৃত্রিম বুদ্ধিমত্তা, ঔদ্যোগিক ইন্টারনেট, থ্রি-ডি প্রিন্টিং, বৈদ্যুতিক বাহনের প্রযুক্তি ইত্যাদি পাঠ্যক্রমের জন্য ছাত্রছাত্রীদের যোগ্য করে তোলা হবে বলে উল্লেখ করেন । সরকারী বিদ্যালয়গুলিতে ছাত্রছাত্রীর সংখ্যা হ্রাস পাওয়ার কথা উল্লেখ করে ডঃ শর্মা বলেন যে- হাইব্রিড মডেলে শিক্ষা ব্যবস্থা চালু করে ছাত্রছাত্রীদের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে । এছাড়া সরকারি বিদ্যালয়ে ছাত্রাবাস এবং ছাত্রবৃত্তিরও ব্যবস্থা করা হবে বলে তিনি জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে- অসমীয়া ভাষা ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করার পর অসমীয়া এবং বাংলা ভাষাভাষী লোকেদের মধ্যের বন্ধন আরো শক্তিশালী হয়ে উঠেছে। এই সমন্বয়ের পরিবেশকে সুদৃঢ়ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বরাক উপত্যকায় অসম সাহিত্য সভার অধিবেশন আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে বরাক উপত্যকার জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন ।

এছাড়া ডঃ শর্মা আজ শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবার্ষিকী উদযাপন কার্যসূচী এবং শ্রী রামকৃষ্ণ পরমহংস দেবের নবনির্মিত মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে ডঃ শর্মা বলেন যে- রামকৃষ্ণ পরমহংস দেব এবং স্বামী বিবেকানন্দের বাণী সকলের জন্য পথ প্রদর্শকের কাজ করে । এই প্রতিষ্ঠানটি শুধুমাত্র ধর্মীয় প্রতিষ্ঠানই নয়, তা মানব সেবার এক অনন্য প্রতীক বলে তিনি আখ্যায়িত করেন । সকল ধর্মই আসলে এক এবং তা-ই চূড়ান্ত সত্য বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন । শিলচরের রামকৃষ্ণ মিশন স্বামী

বিবেকানন্দের সেবামূলক কার্যের আদর্শে অনুপ্রাণিত হয়ে সেবামূলক কাজে মানবতার শিখরে উপনীত হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন । রাজ্য সরকার শিলচরের রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের চিকিৎসালয়ের অংশ মা সারদা চ্যারিটেবল ডিসপেন্সারিকে পাঁচ কোটি টাকা প্রদান ছাড়াও রামকৃষ্ণ পরমহংস দেবের মন্দির নির্মাণের জন্যে বকেয়া ঋণ নিষ্পত্তি করার জন্য চার কোটি টাকা প্রদান করবে বলে ঘোষণা করেন ।

বাইট------

মুখ্যমন্ত্রীর আজকের বিভিন্ন কার্যসূচীতে তাঁর সঙ্গে ছিলেন রাজ্যের গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া, খাদ্য ও গণবন্টন এবং গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই, রাজ্যের পশুপালন- লোকনির্মাণ ইত্যাদি বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, শিলচরের লোকসভা সাংসদ পরিমল শুক্লবৈদ্য, বিধায়ক দীপায়ন চক্রবর্তী প্রমুখ ।

বাইট---

------------------------------------------------------------------------------------

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের নতুন মন্দিরের উদ্বোধন এবং রামকৃষ্ণ পরমহংসদেবের বিগ্রহের প্রাণ প্রতিষ্ঠা করা হয়েছে । মন্দিরের দ্বার উদঘাটন করেন রামকৃষ্ণ মঠ ও মিশনের কেন্দ্রীয় সভাপতি স্বামী গৌতমানন্দজী মহারাজ । এ উপলক্ষ্যে আজ অস্থায়ী মন্দির থেকে নব নির্মিত মন্দিরে বৈদিক মন্ত্রোচ্চারনের মধ্য দিয়ে বিগ্রহের প্রান প্রতিষ্ঠা করা হয় ।

পরে সকাল দশটা থেকে শুরু হওয়া আলোচনা সভায় রামকৃষ্ণ মঠ ও মিশনের সভাপতি গৌতমানন্দজী মহারাজ , সহ-সভাপতি গিরিশানন্দজী মহারাজ এবং রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবার্ষিকী উপলক্ষ্যে একটি স্মরনিকা এবং ডাক টিকিটের আনুষ্ঠানিক প্রকাশ করেন ।

এছাড়া আজ দুপুরে বহু ভাষিক জনগোষ্টীর সাংস্কৃতিক অনুষ্ঠান , বিকেলে ভক্তিমূলক অনুষ্ঠান পরিবেশিত হয়েছে ।

গত ১৫ই মার্চ থেকে আনুষ্ঠানিকভাবে শুরু হওয়া শতবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে আগামীকাল মঙ্গলা আরতি , দীক্ষা দান এবং  পরমপুরুষ শ্রীরামকৃষ্ণ নাটক মঞ্চস্থ হবে ।

আগামী ২০ মার্চ পুনরায় দীক্ষা দান সহ সন্ধ্যায় বিশেষ যাত্রা পালা মা আমাদের-আমরা মায়ের মঞ্চস্থ হবে ।

---------------------------------------------------------------------------------------

গত ৯ মাস থেকে আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্রে আবদ্ধ থাকা মহাকাশচারী সুনীতা উইলিয়ামস এবং ওয়াটস উইলিয়াম পৃথিবী অভিমুখে আসছেন । নাসার প্রকাশ করা তথ্য অনুসারে স্পেসএক্সের ড্রেগন মহাকাশযানের এই মহাকাশচারী দুজন ভারতীয় সময় অনুসারে আজ বেলা ১০টা ৩৫ মিনিটে আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্র থেকে পৃথিবী অভিমুখে যাত্রা শুরু করেছেন । প্রায় ১৭ ঘন্টা যাত্রার পর তারা আজ রাত ৩টা ২৭ মিনিটে পৃথিবীতে অবতরণ করবেন বলে নাসা সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য যে বোয়িং ষ্টারলাইন মহাকাশযানের কারিগরি ত্রুটির জন্য গত বছরের জুন মাস থেকে এই দুই মহাকাশচারী আর্ন্তজাতিক মহাকাশ কেন্দ্রে আবদ্ধ ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রের প্রধানমন্ত্রী আবাস যোজনার মঞ্জুরী পত্র আগামীকাল আনুষ্ঠানিকভাবে হিতাধিকারীদের হাতে তুলে দেওয়া হবে । হাইলাকান্দি শহরের এস এস কলেজের খেলার মাঠে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে এবং বোয়ালিপারের শশীভূষন ইনস্টিটিউট অফ এডুকেশন প্রাঙ্গনে আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের মধ্যে মঞ্জুরী পত্র তুলে দেওয়া হবে । এছাড়া উভয় অনুষ্ঠানে কামরূপ জেলার পলাশবাড়ীর রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় থেকে রাজ্য পর্য্যায়ের অনুষ্ঠানে মূখ্যমন্ত্রীর ভাষন সরাসরি বড় পর্দায় দেখানো হবে । উল্লেখ্য আগামীকাল জেলায় চলতি পর্য্যায়ে ১৪ হাজার ৫১টি প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনার মঞ্জুরী পত্র আনুষ্ঠানিকভাবে বন্টন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ লোয়াইরপোয়া উন্নয়ন খন্ডের জুগিছড়া গ্রামে নারিকেল উন্নয়ন বোঁড প্রকল্পের আওতায় গ্রামে বৈজ্ঞানিক পদ্ধতিতে নারিকেল চাষ এবং প্রদর্শনী সর্ম্পকে একটি প্রশিক্ষন কার্য্যসূচী অনুষ্ঠিত হয়েছে । প্রশিক্ষন কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে কৃষি বিজ্ঞানী ডক্টর পি চৌধুরী জানান যে আধুনিক ও বৈজ্ঞানিক কৃষি কৌশল গ্রহনের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করা এবং জীবন যাত্রার মান উন্নত করা । উল্লেখ্য স্থানীয় কৃষকদের উন্নত কৃষি কৌশল সর্ম্পকে পরিচয় করিয়ে দেওয়া এবং কৃষকদের জীবন-জীবিকা উন্নত করার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------